দৈনিক ইত্তেফাক

তারিখ 13 SEP 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

156

এখনো আদালতে হাজির করা হয় নাই

# ইলিয়াস আলীকে জিজ্ঞাসাবাদ অব্যাহত

**ইত্তেফাক রিপোর্ট।।** *সদ্য বাতিল ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক ইলিয়াস আলী এখনো পুলিশের হেফাজতে। পুলিশ বিশ্ববিদ্যালয়ের হত্যাকান্ডের ঘটনার ব্যাপারে তাহাকে জিজ্ঞাসাবাদ অব্যাহত রাখিয়াছে। তবে 'স্বীকৃতিমূলক' কোন কিছু পায় নাই। এদিকে আটকের ৬০ ঘন্টার মধ্যেও ইলিয়াস আলীকে আদালতে হাজির করা হয় নাই।*

*সংবিধানের ৩৩ (২) ধারা ও ফৌজদারী কার্যবিধির ৬১ ধারা অনুযায়ী গ্রেফতারকৃত বা আটক প্রত্যেককেই ২৪ ঘন্টার মধ্যে আদালতে হাজির করার কথা। ম্যাজিস্ট্রেটের আদেশ ব্যতীত কাহাকেও অতিরিক্তকাল প্রহরায় আটক রাখা যায় না। ইলিয়াস আলী আটক না গ্রেফতার? পুলিশ গতকালও এই প্রশ্নের জবাব এড়াইয়া গিয়াছে।* *(১১শ পৃঃ দ্রঃ)*

## ইলিয়াস আলীকে

(১ম পৃঃ পর)

গতকাল সন্ধ্যায় এই রিপোর্টার মহানগর গোয়েন্দা পুলিশের দফতরে যখন যান তখন একজন কর্মকর্তা ইলিয়াস আলীকে জিজ্ঞাসাবাদ করিতেছিলেন। ইলিয়াস বেশ স্বাচ্ছন্দ্যের সহিতই প্রশ্নের জবাব দিতেছিলেন। রাতে অপর এক কর্মকর্তা রুদ্ধদ্বার কক্ষে তাহাকে জিজ্ঞাসাবাদ করেন।

পুলিশের একটি সুত্র জানায়; মহানগর গোয়েন্দা পুলিশ ইলিয়াস আলীকে তাহার শ্যামলীর বাড়ী হইতে আটক করে। গোয়েন্দা পুলিশের এসি নজরুল ইসলাম ও এসি আফসার আলীর সমন্বয়ে গঠিত একটি বিশেষ দল গত বৃহস্পতিবার ইলিয়াসের বাসার চারতলায় উঠার পথে ইলিয়াস দ্রুত পালাইবার চেষ্টা করে। তখন গোয়েন্দা দল তাহাকে আটক করিয়া মহানগর গোয়েন্দা পুলিশের অফিসে নিয়া আসে। মহানগর গোয়েন্দা পুলিশ গতকাল রাতে রতন সহ বেশ কয়েকজন ছাত্রদল নেতার বাসায় তল্লাশী চালাইয়াছে। গতকাল রাত পর্যন্ত ছাত্রদলের অপর কোন নেতা বা কর্মীকে গ্রেফতার করা হয় নাই।

রমনা থানার পুলিশ গতকাল বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতা হত্যার সহিত জড়িত থাকার অভিযোগে ৩ জন যুবককে আটক করিয়াছে। তবে তাহারা ছাত্র নহে বলিয়া পুলিশ উল্লেখ করে। পুলিশ জানায়, ধৃত যুবকদের মধ্যে একজন 'প্রফেশন্যাল কিলার' রহিয়াছে। তাহারা বিশ্ববিদ্যালয়ে কোনরূপ সংঘর্ষ শুরু হইলে ভাড়ায় কাজ করিয়া থাকে বলিয়া পুলিশ উল্লেখ করে।